দৈনিক ইত্তেফাক

তারিখ ৩0 MAR 1990

৪০

# ভিসি নিয়োগের বৈধতা প্রশ্নে বিতর্ক

( বিশ্ববিদ্যালয় রিপোর্টার )

ঢাকা বিশ্ববিদ্যালয়ের নবনিযুক্ত ভিসি প্রফেসর ডঃ এম, মনিরুজ্জামান মিয়ার নিয়োগের বৈধতা নিয়া ঢাকা বিশ্ববিদ্যালয়

(১১শ পৃঃ দ্রঃ)

## ভিসি নিয়োগের বৈধতা

( ১ম পৃঃ পর )

শিক্ষক সমিতির মধ্যে মত বিরোধ দেখা দিয়াছে। প্রফেসর আবদুল মান্নানের পদত্যাগের পর প্রফেসর মনিরুজ্জামান মিয়া চ্যান্সেলর কর্তৃক ভিসি পদে দায়িত্ব প্রাপ্ত হওয়ায় শিক্ষক সমিতির সাবেক সভাপতি প্রফেসর মশিহুজ্জামান-সহ ৫৪ জন শিক্ষক বৈধতার প্রশ্ন তুলিয়াছেন। ২৭শে মার্চ শিক্ষক সমিতির সাধারণ সভায় এ ব্যাপারে দুই পক্ষের মধ্যে তুমুল বিতর্কের কারণে সভা মুলতবী ঘোষণা করা হয়। পরে ৫৪ জন সদস্য গতকালের (বৃহস্পতিবার) মধ্যে মুলতবী সভা আহবানের জন্য শিক্ষক সমিতির বর্তমান সভাপতি প্রফেসর ইয়াজ উদ্দিন আহমেদের নিকট প্রেরিত এক চিঠিতে অনুরোধ জানান। চিঠিতে বলা হয়, প্রফেসর আবদুল মান্নান পদত্যাগ করার ভিসি পদে যে সাময়িক শূন্যতার সৃষ্টি হয় সেখানে প্রো-ভিসিকে দায়িত্ব না দিয়া অথবা কাউকে ভারপ্রাপ্ত ভিসি নিয়োগ না করিয়া প্রফেসর মনিরুজ্জামান মিয়াকে সরাসরি নিয়মিত ভিসি নিয়োগ করায় ঢাকা বিশ্ববিদ্যালয় আদেশ ১৯৭৩-এর ১১ নম্বর ধারা লংঘন করা হইয়াছে।

এদিকে শিক্ষক সমিতির কার্যকরি পরিষদ গত বুধবার রাতে এক জরুরী সভায় বলা হয়, ভিসির নিয়োগ সংক্রান্ত বিষয়ে ৫৪ জন শিক্ষকের অনুরোধে অনুযায়ী তলবী সভা আহ্বানের কোন প্রয়োজন নাই। ভিসির নিয়োগ বিশ্ববিদ্যালয় আদেশ ১৯৭৩ এর ১২ (২) ধারা মোতাবেক হইয়াছে। ৫৪ জন শিক্ষক আগামী রবিবার সকাল সাড়ে ১০টায় বিশ্ববিদ্যালয় ক্লাব ভবনে একটি সভা আহ্বান করিয়াছেন বলিয়া জানা গিয়াছে।